## মূল বইয়ের অতিরিক্ত অংশ

# চতুর্থ অধ্যায়: মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন

### পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** আলি এন্টারপ্রাইজের ব্যবসায়ের ২০১৯ সালের মার্চ মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০১৯
মার্চ ১ মালিক কর্তৃক পুনরায় মূলধন বিনিয়োগ নগদ ১০,৫০,০০০ টাকা ও অফিস সরঞ্জাম ৫০,০০০ টাকা।
" ২ দশ বছরের জন্য একটি মেশিনারি লিজ নেওয়া হলো ১,০০,০০০ টাকা প্রদান করে।
" ৩ একটি দালানসহ জমি কেনা হলো ৫,০০,০০০ টাকা প্রদান করে।
" ৬ রূপালি ব্যাংক হতে ঋণ গ্রহণ ১,৫০,০০০ টাকা।
" ৮ শিক্ষানবিশ ভাতা প্রদান ৫,০০০ টাকা।
" ১০ ব্যবহৃত এবং পুরাতন একটি আলমারি বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৪ একটি ১,০০,০০০ টাকা মূল্যের ডাকঘর সঞ্চয়পত্র ভাঙানো হলো।
" ১৮ ব্যবহারের জন্য একটি টেবিল ক্রয় ২০,০০০ টাকা।
" ২০ পূর্বে ক্রয়কৃত অফিস সরঞ্জামটি আনয়নের জন্য ভ্যান গাড়ি ভাড়া প্রদান ২,০০০ টাকা।
" ২৪ পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে অফিস সরঞ্জাম ক্রয় ৩৫,০০০ টাকা।
" ২৮ ব্যবসায়ে সাপ্লাইজ হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে কাগজ, কালি, কলম ও আলপিন ক্রয় ৬,০০০ টাকা।
" ৩১ অফিস সরঞ্জামের অবচয় ধার্য করা হলো ৫০০ টাকা।

ক. মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মোট মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| মার্চ-৮ | শিক্ষানবিশ ভাতা প্রদান | ৫,০০০ | |
| " ২৪ | পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে অফিস সরঞ্জাম ক্রয় | ৩৫,০০০ | |
| " ২৮ | ব্যবসায় ব্যবহারের উদ্দেশ্যে কাগজ, কালি, কলম ও আলপিন ক্রয় | ৬,০০০ | |
| " ৩১ | অফিস সরঞ্জামের অবচয় | ৫০০ | |
| | **মোট মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ** | | ৪৬,৫০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ ৪৬,৫০০ টাকা।

**খ** মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| মার্চ-১ | মালিক কর্তৃক মূলধন বিনিয়োগ (১০,৫০,০০০ + ৫০,০০০) | ১১,০০,০০০ | |
| " ৬ | রূপালি ব্যাংক হতে ঋণ গ্রহণ | ১,৫০,০০০ | |
| " ১০ | ব্যবহৃত ও পুরাতন আলমারি বিক্রয় | ২৫,০০০ | |
| " ১৪ | ডাকঘর সঞ্চয়পত্র ভাঙানো হলো | ১,০০,০০০ | |
| | **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | ১৩,৭৫,০০০ |

**উত্তর :** মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ১৩,৭৫,০০০ টাকা।

**গ** মোট মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| মার্চ-১ | অফিস সরঞ্জাম আনয়ন | ৫০,০০০ | |
| " ২ | দশ বছরের জন্য মেশিনারি লিজ নেওয়া হলো | ১,০০,০০০ | |
| " ৩ | দালানসহ জমি ক্রয় | ৫,০০,০০০ | |
| " ১৮ | ব্যবহারের জন্য টেবিল ক্রয় | ২০,০০০ | |
| " ২০ | অফিস সরঞ্জাম আনয়নের জন্য গাড়ি ভাড়া প্রদান | ২,০০০ | |
| | **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ৬,৭২,০০০ |

**উত্তর :** মোট মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ৬,৭২,০০০ টাকা।

**প্রশ্ন ▶২** সাকিব কনফেকশনারির ২০১৯ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ:
ব্যবসায়ে মূলধন বিনিয়োগ ৪,৪০,০০০ টাকা। ব্রেড, বিস্কুট ও অন্যান্য খাদ্যসামগ্রী ক্রয় ২,৮০,০০০ টাকা। বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান ১৭,০০০ টাকা। দোকানের ভাড়া প্রদান ১৪,০০০ টাকা, যার মধ্যে ২,০০০ টাকা অগ্রিম। সারা বছরে বিক্রয়ের পরিমাণ ৪,২২,০০০ টাকা। ব্যবসায়ের প্রয়োজনে বন্ধুর নিকট থেকে কর্জ নেয় ৬০,০০০ টাকা। ব্যবসায় হতে জীবন বিমা প্রিমিয়াম বাবদ প্রদান ১,২০০ টাকা। উৎপাদকের নিকট থেকে কমিশন প্রাপ্তি ৭,৫০০ টাকা। বিক্রয়কর্মীর বেতন প্রদান ১৮,০০০ টাকা।

ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. হিসাবকাল শেষে উক্ত ব্যবসায়ের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনয়োগ | ৪,৪০,০০০ | |
| ব্যবসায়ের প্রয়োজন কর্জ গ্রহণ | ৬০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | ৫,০০,০০০ |

**উত্তর :** মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৫,০০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| ব্রেড, বিস্কুট ও অন্যান্য খাদ্যসামগ্রী ক্রয় | | ২,৮০,০০০ | |
| বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান | | ১৭,০০০ | |
| দোকান ভাড়া প্রদান | ১৪,০০০ | | |
| বাদ : অগ্রিম | (২,০০০) | ১২,০০০ | |
| বিক্রয়কর্মীর বেতন প্রদান | | ১৮,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | | ৩,২৭,০০০ |

**উত্তর :** মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৩,২৭,০০০ টাকা।

**গ** ব্যবসায়ের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন বিনিয়োগ | | ৪,৪০,০০০ |
| **যোগ : আয়সমূহ :** | | |
| বিক্রয় | ৪,২২,০০০ | |
| কমিশন প্রাপ্তি | ৭,৫০০ | ৪,২৯,৫০০ |
| | | ৮,৬৯,৫০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | |
| মুনাফা জাতীয় ব্যয় (খ হতে প্রাপ্ত) | | (৩,২৭,০০০) |
| | | ৫,৪২,৫০০ |
| **বাদ : উত্তোলন :** | | |
| জীবন বিমার প্রিমিয়াম | | (১,২০০) |
| **ব্যবসায়ের সমাপনী মালিকানা স্বত্ব** | | ৫,৪১,৩০০ |

**উত্তর :** হিসাবকাল শেষে ব্যবসায়ের মালিকানা স্বত্বের পরিমাণ ৫,৪১,৩০০ টাকা।

**প্রশ্ন ▶৩** জনাব রানা একজন ব্যবসায়ী। ২০১৯ সালের জানুয়ারী মাসে তাঁর ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়:
স্ত্রীর স্বর্ণালংকার বিক্রয় করে ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
একটি ডেলিভারি ভ্যান ক্রয় ৫০,০০০ টাকা।
হাসানের নিকট থেকে ঋণ গ্রহণ ২০,০০০ টাকা।
ক্রয়কৃত ডেলিভারি ভ্যানের পরিবহন খরচ ৩,০০০ টাকা।
বিদ্যুৎ সংযোগ ব্যয় ১০,০০০ টাকা।
আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা।

ক. ব্যবসায়ের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ক্রয়কৃত ডেলিভারি ভ্যানটি ২০% ক্ষতিতে বিক্রয় করলে মূলধন জাতীয় ক্ষতির পরিমাণ কত হবে? ৪

## ৩ নং প্রশ্নের সমাধান

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন বিনিয়োগ | ২,০০,০০০ | |
| ঋণ গ্রহণ | ২০,০০০ | |
| **মূলধন জাতীয় প্রাপ্তি** | | ২,২০,০০০ |

**উত্তর:** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ২,২০,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ডেলিভারি ভ্যান ক্রয় | ৫০,০০০ | |
| ডেলিভারি ভ্যানের পরিবহন খরচ | ৩,০০০ | |
| বিদ্যুৎ সংযোগ ব্যয় | ১০,০০০ | |
| আসবাবপত্র ক্রয় | ২৫,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ৮৮,০০০ |

**উত্তর:** মূলধন জাতীয় ব্যয় ৮৮,০০০ টাকা।

**গ** মূলধন জাতীয় ক্ষতির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ডেলিভারি ভ্যান ক্রয় | ৫০,০০০ | |
| যোগ: পরিবহন খরচ | ৩,০০০ | |
| **মোট ক্রয়মূল্য** | | ৫৩,০০০ |
| **মূলধন জাতীয় ক্ষতি (৫৩,০০০ × ২০%)** | | ১০,৬০০ |

**উত্তর:** মূলধন জাতীয় ক্ষতি ১০,৬০০ টাকা।

**প্রশ্ন ▶৪** উন্মেষ গার্মেন্টেসের ২০১৯ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নে প্রদান করা হলো:

i. আসবাবপত্র ক্রয় ১,০০,০০০ টাকা।
ii. যন্ত্রপাতি ক্রয় ৪০,০০০ টাকা। যার পরিবহন ও সংস্থাপন ব্যয় যথাক্রমে ৫,০০০ টাকা ও ১০,০০০ টাকা।
iii. মালিক ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন করেন ২০,০০০ টাকা।
iv. আয়কর প্রদান ৪,০০০ টাকা।
v. একটি পুরাতন কম্পিউটার বিক্রয় ৩০,০০০ টাকা, যার পুস্তকমূল্য ২০,০০০ টাকা।
vi. কারখানার জমি বিক্রয় ৫,০০,০০০ টাকা, যার ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা।
vii. পুরাতন ডেলিভারি ভ্যান বিক্রয় ১,০০,০০০ টাকা, যার বর্তমান মূল্য ৮০,০০০ টাকা।

ক. মালিকের উত্তোলন বাবদ ডেবিট টাকার পরিমাণ নির্ণয় করো। ২
খ. মূলধন জাতীয় ব্যয় নির্ণয় করো। ৪
গ. মূলধন জাতীয় আয় নির্ণয় করো। ৪

## ৪ নং প্রশ্নের সমাধান

**ক** মালিকের উত্তোলন বাবদ ডেবিট টাকার পরিমাণ নির্ণয়:

| ক্রমিক নং | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ii. | ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন | ২০,০০০ | |
| iv. | আয়কর প্রদান | ৪,০০০ | |
| | **উত্তোলন** | | ২৪,০০০ |

**উত্তর:** মালিকের উত্তোলন বাবদ ডেবিটের পরিমাণ ২৪,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় ব্যয় নির্ণয়:

| ক্রমিক নং | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| i. | আসবাবপত্র ক্রয় | ১,০০,০০০ | |
| ii. | যন্ত্রপাতি ক্রয় | ৪০,০০০ | |
| | যন্ত্রপাতির পরিবহন খরচ | ৫,০০০ | |
| | যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় | ১০,০০০ | |
| | **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ১,৫৫,০০০ |

**উত্তর:** মূলধন জাতীয় ব্যয় ১,৫৫,০০০ টাকা।

**গ** মূলধন জাতীয় আয় নির্ণয়:

| ক্রমিক নং | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| v. | কম্পিউটার বিক্রয় করে আয় (৩০,০০০ – ২০,০০০) | ১০,০০০ | |
| vi. | জমি বিক্রয় করে আয় (৫,০০,০০০ – ১,০০,০০০) | ৪,০০,০০০ | |
| vii. | ডেলিভারি ভ্যান বিক্রয় করে আয় (১,০০,০০০ – ৮০,০০০) | ২০,০০০ | |
| | **মোট মূলধন জাতীয় আয়** | | ৪,৩০,০০০ |

**উত্তর:** মূলধন জাতীয় আয় ৪,৩০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫** ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে কর্ণফুলী ট্রেডার্স-এর ব্যবসায়িক লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | |
|---|---|
| মালিক কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগ | ৭,৫০,০০০ টাকা |
| ২০% বিনিয়োগ | ২,০০,০০০ টাকা |
| ১৫% বন্ধকী ঋণ | ৩,০০,০০০ টাকা |
| ভাড়া ($^{২}/_{৩}$ অংশ) | ৪০,০০০ টাকা |
| উপভাড়া (১০ মাসের) | ৫০,০০০ টাকা |
| ইজারা সম্পত্তি (০১-০৭-১৯ থেকে ১০ বছরের জন্য) | ২,০০,০০০ টাকা |
| টেলিফোন ও বিদ্যুৎ সংযোগ ব্যয় | ৩৫,০০০ টাকা |
| কমিশন (৫,০০০ টাকা বিগত সনের এবং ৭,৫০০ টাকা পরবর্তী সনের) | ২৭,৫০০ টাকা |
| প্রাপ্ত কমিশন (২,৫০০ টাকা বিগত সনের এবং ৫,০০০ টাকা পরবর্তী সনের) | ৩০,০০০ টাকা |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৪৫,০০০ টাকা |
| শিক্ষানবিশ সেলামি (৫ বছরের জন্য) | ৫০,০০০ টাকা |
| ব্যাংক সুদ খরচ | ২,০০০ টাকা |

ক. ২০১৯ সালের ইজারা সম্পত্তির অবলোপনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরোক্ত লেনদেনের আলোকে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৯ সালের প্রকৃত মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

**ক** ইজারা সম্পত্তির অবলোপনের পরিমাণ নির্ণয়:

ইজারা সম্পত্তির অবলোপন = ২,০০,০০০ $\times ^{১}/_{১০} \times ^{৬}/_{১২}$ = ১০,০০০ টাকা

**উত্তর:** ইজারা সম্পত্তির অবলোপন ১০,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় প্রাপ্তি:** | | |
| মালিক কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগ | ৭,৫০,০০০ | |
| ১৫% বন্ধকী ঋণ | ৩,০০,০০০ | |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৪৫,০০০ | |
| | | ১০,৯৫,০০০ |
| **মূলধন জাতীয় ব্যয়:** | | |
| ২০% বিনিয়োগ | ২,০০,০০০ | |
| ইজারা সম্পত্তি | ২,০০,০০০ | |
| টেলিফোন ও বিদ্যুৎ সংযোগ ব্যয় | ৩৫,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ৪,৩৫,০০০ |

**উত্তর:** মূলধন জাতীয় প্রাপ্তি ১০,৯৫,০০০ টাকা এবং মূলধন জাতীয় ব্যয় ৪,৩৫,০০০ টাকা।

**গ** ২০১৯ সালের প্রকৃত মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **মুনাফা জাতীয় আয়:** | | | |
| বিনিয়োগের সুদ (২,০০,০০০ × ২০%) | | ৪০,০০০ | |
| উপভাড়া | ৫০,০০০ | | |
| যোগ: অনাদায়ী (৫০,০০০ $\times ^{২}/_{১০}$) | ১০,০০০ | ৬০,০০০ | |
| প্রাপ্ত কমিশন | ৩০,০০০ | | |
| বাদ: বিগত বকেয়া | (২,৫০০) | | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| | ২৭,৫০০ | | |
| বাদ: অগ্রিম | (৫,০০০) | ২২,৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | ৫০,০০০ | | |
| বাদ: অগ্রিম (৫০,০০০ ×৪/৫) | (৪০,০০০) | ১০,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয়** | | | ১,৩২,৫০০ |
| **মুনাফা জাতীয় ব্যয়:** | | | |
| বন্ধকী ঋণের সুদ (৩,০০,০০০ × ১৫%) | | ৪৫,০০০ | |
| ভাড়া | ৪০,০০০ | | |
| যোগ: বকেয়া (৪০,০০০ ×১/২) | ২০,০০০ | ৬০,০০০ | |
| ইজারা সম্পত্তির অবলোপন [ক থেকে প্রাপ্ত] | | ১০,০০০ | |
| কমিশন | ২৭,৫০০ | | |
| বাদ: বিগত সালের বকেয়া | (৫,০০০) | | |
| | ২২,৫০০ | | |
| বাদ: অগ্রিম | (৭,৫০০) | ১৫,০০০ | |
| ব্যাংক সুদ খরচ | | ২,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | | ১,৩২,০০০ |

**উত্তর:** ২০১৯ সালের প্রকৃত মুনাফা জাতীয় আয় ১,৩২,৫০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয় ১,৩২,০০০ টাকা।

**প্রশ্ন ▶৬** ২০১৯ সালের সুরাইয়া বেগমের ব্যবসায়ের লেনদেনের কিছু অংশ নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ৫,০০,০০০ |
| যন্ত্রপাতি ক্রয় | ১,৫০,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৩,০০,০০০ |
| পণ্য ক্রয় | ১০,০০,০০০ |
| কর্মচারীর বেতন প্রদান | ৩,৮০,০০০ |
| বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান | ১২,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ১৫,০০০ |
| আগুনে বিনষ্ট পণ্যের পরিমাণ | ২,০০০ |
| ভাড়া প্রদান (যার মধ্যে ৩,০০০ টাকা ২০২০ সালের জন্যে) | ৪০,০০০ |
| কমিশন প্রাপ্তি (যার মধ্যে ৪,০০০ টাকা ২০২০ সালের জন্যে) | ৫০,০০০ |
| পণ্য বিক্রয় | ২০,০০,০০০ |

ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২

খ. মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ কত? ৪

গ. বৎসরান্তে সুরাইয়া বেগমের মালিকানা স্বত্বের পরিমাণ কত? ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নিরূপণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ৫,০০,০০০ | |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৩,০০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | ৮,০০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৮,০০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কমিশন প্রাপ্তি (৫০,০০০ – ৪,০০০) | ৪৬,০০০ | |
| বিক্রয় | ২০,০০,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয়** | | ২০,৪৬,০০০ |

মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ১০,০০,০০০ | |
| কর্মচারীর বেতন প্রদান | ৩,৮০,০০০ | |
| বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান | ১২,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় | ১৫,০০০ | |
| আগুনে বিনষ্ট পণ্য | ২,০০০ | |
| ভাড়া প্রদান (৪০,০০০ – ৩,০০০) | ৩৭,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ১৪,৪৬,০০০ |

∴ মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ = (২০,৪৬,০০০ + ১৪,৪৬,০০০) = ৩৪,৯২,০০০ টাকা

**উত্তর :** মুনাফা জাতীয় আয় এবং মুনাফা জাতীয় ব্যয়ের মোট পরিমাণ ৩৪,৯২,০০০ টাকা।

**গ** সুরাইয়া বেগমের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ৫,০০,০০০ | |
| যোগ : মুনাফা জাতীয় আয় (খ থেকে আনীত) | ২০,৪৬,০০০ | |
| | ২৫,৪৬,০০০ | |
| বাদ : মুনাফা জাতীয় ব্যয় (খ থেকে আনীত) | (১৪,৪৬,০০০) | |
| **মোট মালিকানা স্বত্ব** | | ১১,০০,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্বের পরিমাণ ১১,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৭** জনাব অভিজিৎ দত্তের ব্যবসায়ে ২০১৯ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে—

| ২০১৯ | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | ধানমন্ডি হতে মতিঝিলে ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ১২,০০০ টাকা। |
| ” | ২ | মনিহারি দ্রব্যাদি ক্রয় ১,০০০ টাকা |
| ” | ৪ | নতুন মেশিন ক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ৪ | নতুন মেশিন সংস্থাপন ব্যয় ২,৫০০ টাকা। |
| ” | ৫ | পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ১,০০০ টাকা। |
| ” | ১২ | অফিসের গাড়ির জন্য নতুন ব্যাটারি ও টায়ার ক্রয় ২৫,০০০ টাকা। |

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

গ. ৪ তারিখে ক্রীত মেশিন ৪৫,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত? ৪

## ৭ নং প্রশ্নের উত্তর

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় | ১২,০০০ | |
| **মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | ১২,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ১২,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মেশিন ক্রয় | ৪০,০০০ | |
| মেশিন সংস্থাপন ব্যয় | ২,৫০০ | |
| অফিসের গাড়ির জন্য নতুন ব্যাটারি ও টায়ার ক্রয় | ২৫,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ৬৭,৫০০ |

**উত্তর :** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ৬৭,৫০০ টাকা।

**গ** মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

যেহেতু মেশিন বিক্রয় করে ৪৫,০০০ টাকা পাওয়া গিয়েছে তাই মূলধন জাতীয় প্রাপ্তি = ৪৫,০০০ টাকা।

মেশিনের ক্রয়মূল্য নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মেশিন ক্রয় | ৪০,০০০ | |
| যোগ : সংস্থাপন ব্যয় | ২,৫০০ | |
| **মোট** | | ৪২,৫০০ |

∴ মূলধন জাতীয় আয় = মেশিনের বিক্রয়মূল্য − মেশিনের ক্রয়মূল্য

= ৪৫,০০০ − ৪২,৫০০ = ২,৫০০ টাকা

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তি ৪৫,০০০ টাকা; মূলধন জাতীয় আয় ২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৮** জনাব রেহানা সুলতানা ঢাকার উত্তরায় একটি রেস্টুরেন্ট পরিচালনা করেন। তাঁর রেস্টুরেন্টের কতিপয় লেনদেন নিম্নরূপ:

- রেস্টুরেন্টের জন্য ২৫ ডজন তৈজসপত্র ক্রয় ৮০,০০০ টাকা।
- রেস্টুরেন্টের সাজসজ্জা বৃদ্ধিকরণ ব্যয় ২০,০০০ টাকা।
- রেস্টুরেন্টের প্রচারণা বাবদ ব্যয় করা হলো ৩,০০০ টাকা।
- রেস্টুরেন্টের মালামাল আনয়নের ভ্যানগাড়ি মেরামত ১,০০০ টাকা।
- রেস্টুরেন্টে জন্মদিনের অনুষ্ঠান আয়োজন বাবদ বিল আদায় হলো ২২,০০০ টাকা।
- রেস্টুরেন্টের নষ্ট রেফ্রিজারেটর চালুর জন্য নতুন কমপ্রেসার ক্রয় ৮,০০০ টাকা এবং কালার স্প্রে খরচ হলো ২,০০০ টাকা।
- রেস্টুরেন্টের কর্মচারীদের বেতন প্রদান ৯,০০০ টাকা।
- গ্রাহকদের সেবা প্রদানের দ্বারা প্রাপ্তি ২৫,০০০ টাকা।
- রেস্টুরেন্ট ভাড়া প্রদান ৫,০০০ টাকা।

ক. জনাব রেহানা সুলতানার মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ কত? ২
খ. জনাব রেহানা সুলতানার মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. জনাব রেহানা সুলতানার মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

**ক** মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| জন্মদিনের অনুষ্ঠান আয়োজন বাবদ বিল আদায় | ২২,০০০ | |
| গ্রাহক সেবা দ্বারা প্রাপ্তি | ২৫,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয়** | | ৪৭,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয় ৪৭,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রচারণা বাবদ ব্যয় | ৩,০০০ | |
| ভ্যানগাড়ি মেরামত | ১,০০০ | |
| কর্মচারীদের বেতন প্রদান | ৯,০০০ | |
| রেস্টুরেন্টের ভাড়া প্রদান | ৫,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ১৮,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় ব্যয় ১৮,০০০ টাকা।

**গ** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| তৈজসপত্র ক্রয় | ৮০,০০০ | |
| সাজসজ্জা বৃদ্ধিকরণ ব্যয় | ২০,০০০ | |
| কমপ্রেসার ক্রয় | ৮,০০০ | |
| কালার স্প্রের খরচ | ২,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ১,১০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ১,১০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৯** জনাব নাছিমা খানের ব্যবসায় প্রতিষ্ঠানের জুন, ২০১৯ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ের মূলধন আনয়ন | ২,৫০,০০০ |
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ |
| বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ৪,০০,০০০ |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪,০০০ |
| আসবাবপত্র বিক্রয় জনিত লাভ | ২,৪০০ |
| আমদানি শুল্ক পরিশোধ | ৫,০০০ |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৭,৫০,০০০ |
| পণ্য বিক্রয় | ৩০,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ৪০,০০০ |

ক. জনাব নাছিমা খানের নিয়মিত খরচের পরিমাণ কত? ২

খ. জনাব নাছিমা খানের যেসব লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব নাছিমা খানের মূলধন জাতীয় প্রাপ্তি এবং মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নিরূপণ করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব নাছিমা খানের নিয়মিত খরচের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ | |
| আমদানি শুল্ক পরিশোধ | ৫,০০০ | |
| **মোট নিয়মিত খরচ** | | ৭,০৫,০০০ |

**উত্তর :** নিয়মিত খরচের পরিমাণ ৭,০৫,০০০ টাকা।

**খ** জনাব নাছিমা খানের যেসয লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ | |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪,০০০ | |
| আসবাবপত্র বিক্রয়জনিত লাভ | ২,৪০০ | |
| আমদানি শুল্ক | ৫,০০০ | |
| পণ্য বিক্রয় | ৩০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | ৪০,০০০ | |
| **মোট** | | ৭,৮১,৪০০ |

**উত্তর :** যেসব লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ ৭,৮১,৪০০ টাকা।

**গ** জনাব নাছিমা খানের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবসায়ের মূলধন আনয়ন | ২,৫০,০০০ | |
| আসবাবপত্র বিক্রয়জনিত লাভ | ২,৪০০ | |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৭,৫০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় প্রাপ্তি** | | ১০,০২,৪০০ |

জনাব নাছিমা খানের মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪,০০০ | |
| পণ্য বিক্রয় | ৩০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | ৪০,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় প্রাপ্তি** | | ৭৪,০০০ |

∴ মূলধন জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ = (১০,০২,৪০০ + ৭৪,০০০) = ১০,৭৬,৪০০ টাকা

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তির ও মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ ১০,৭৬,৪০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** রহমান ও রতন লাল সাহা দুই বন্ধু মিলে একটি চেইন শপ চালু করেন। উক্ত শপের কিছু সংখ্যক লেনদেন নিচে দেওয়া হলো—

২০১৯

| | | |
|---|---|---|
| মে | ৪ | ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা। |
| ” | ৭ | দোকানের সাজসজ্জার পরিবর্তন ব্যয় ১,০০,০০০ টাকা। |
| ” | ১০ | পরিবহন ব্যয় ১,৫০০ টাকা। |
| ” | ১২ | পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা। |
| ” | ১৫ | বাট্টা প্রদান ৭০০ টাকা। |
| ” | ১৬ | ধারে পণ্য বিক্রয় ২২,০০০ টাকা। |
| ” | ২০ | দোকানের জন্য ফ্রিজ ক্রয় ৪৫,০০০ টাকা। |
| ” | ২২ | বিদ্যুৎ বিল পরিশোধ ১,২০০ টাকা। |
| ” | ২৫ | কমিশন প্রাপ্তি ৩,০০০ টাকা। |
| ” | ৩০ | লভ্যাংশ প্রাপ্তি ২,০০০ টাকা। |

ক. উপর্যুক্ত তথ্যাদি হতে মূলধন জাতীয় লেনদেনের মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. উক্ত দোকানের মে মাসের মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উক্ত দোকানের মে মাসের মোট মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

## ১০ নং প্রশ্নের সমাধান

**ক** মূলধন জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দোকানের সাজসজ্জার পরিবর্তন ব্যয় | ১,০০,০০০ | |
| দোকানের জন্য ফ্রিজ ক্রয় | ৪৫,০০০ | |
| **মোট মূলধন জাতীয় লেনদেন** | | ১,৪৫,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় লেনদেনের পরিমাণ ১,৪৫,০০০ টাকা।

**খ** মে মাসের মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ধারে পণ্য ক্রয় | ৫০,০০০ | |
| পরিবহন ব্যয় | ১,৫০০ | |
| বাট্টা প্রদান | ৭০০ | |
| বিদ্যুৎ বিল পরিশোধ | ১,২০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ৫৩,৪০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৫৩,৪০০ টাকা।

**গ** মে মাসের মোট মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পণ্য বিক্রয় | ১৮,০০০ | |
| ধারে পণ্য বিক্রয় | ২২,০০০ | |
| কমিশন প্রাপ্তি | ৩,০০০ | |
| লভ্যাংশ প্রাপ্তি | ২,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয়** | | ৪৫,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ৪৫,০০০ টাকা।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ১১** জনাব মেহেদী ৫,০০,০০০ টাকা মূলধন নিয়ে একটি আইন কনসালট্যান্সি ফার্ম প্রতিষ্ঠা করেন। ২০১৯ সালের জানুয়ারি মাসে তার প্রতিষ্ঠানের লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৯

| | | |
|---|---|---|
| জানু. | ১ | জনাব মিথুনকে আইনি সেবা প্রদান ৮০,০০০ টাকা কিন্তু টাকা পাওয়া যায়নি। |
| ” | ৭ | ধারে আইনি বই ক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ১১ | পুরাতন খবরের কাগজ বিক্রয় ১,৮০০ টাকা। |

" ১৬ জানুয়ারি ১ তারিখের সম্পাদিত কাজের ফি বাবদ ৬০,০০০ টাকা পাওয়া গেল।
" ২০ আইনি সেবা প্রদান ৪৫,০০০ টাকা।
" ২৩ তিন মাসের অফিস ভাড়া প্রদান ২৭,০০০ টাকা।
" ২৫ আপ্যায়ন খরচ ২,০০০ টাকা এবং কর্মচারীর বেতন প্রদান ১০,০০০ টাকা (বেতন বকেয়া রয়েছে ২,০০০ টাকা)।
" ২৮ অফিসের প্রিন্টার বিক্রয় ৪০,০০০ টাকা; যার বহিঃমূল্য ৩৭,৫০০ টাকা।

ক. মাস শেষে আইন কনসালট্যান্সি ফার্মের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
খ. মুনাফা জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় আয়ের মধ্যে পার্থক্যের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৫,৪০,০০০ টাকা। **খ.** মুনাফা জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় আয়ের পার্থক্য ২০,০০০ টাকা। **গ.** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১২** জনাব শিশির তার ব্যবসায়ের লেনদেনগুলোকে মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনে ভাগ করে লিপিবন্ধ করেন। ২০১৯ সালে জুন মাসে তার লেনদেনগুলো ছিল:

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| পণ্য বিক্রয়লব্ধ অর্থ | ১৫,০০০ | নতুন পণ্যের গবেষণা ব্যয় | ২৫,০০০ |
| বিজ্ঞাপন (৫ বছরের জন্য) | ১০,০০০ | মেশিন ক্রয়ের জাহাজ ভাড়া | ৫,০০০ |
| বিনিয়োগের সুদ | ২৫,০০০ | পরিবহন ব্যয় | ৩,০০০ |
| মেশিন ক্রয় | ৫০,০০০ | শিক্ষানবিশ সেলামি | ৬,০০০ |
| মেশিনের অবচয় | ৩,০০০ | কমিশন প্রাপ্তি | ৪,০০০ |
| বৈদ্যুতিক খরচ | ২,০০০ | মেশিন বিক্রয়লব্ধ অর্থ | ৬৫,০০০ |
| বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় | ১৫,০০০ | | |

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় করো। ২
খ. মূলধন জাতীয় ব্যয় ও মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মুনাফা জাতীয় আয় ও ব্যয় নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ৩৩,০০০ টাকা। **খ.** মূলধন জাতীয় ব্যয় ৭০,০০০ টাকা এবং মূলধন জাতীয় প্রাপ্তি ৬৫,০০০ টাকা। **গ.** মুনাফা জাতীয় আয় ৫০,০০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয় ১০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৩** জনাব ইদ্রিস আলীর ব্যবসায়ের ২০১৯ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

২০১৯
মার্চ ১ নতুন মেশিন ক্রয় ৫০,০০০ টাকা।
" ২ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা।
" ৪ নিউ মার্কেট হতে ধানমন্ডি ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।
" ৮ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা।
" ১২ বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।
" ১৪ বিদ্যুৎ বিল পরিশোধ ২,০০০ টাকা।
" ১৬ বিজ্ঞাপন খরচ প্রদান (৩ বছরের জন্য) ১৮,০০০ টাকা।
" ২০ নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৩,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ১ তারিখে ক্রীত মেশিন ৬০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ২৭,০০০ টাকা। **খ.** মূলধন জাতীয় ব্যয় ৭৭,০০০ টাকা। **গ.** মূলধন জাতীয় প্রাপ্তি ৬০,০০০ টাকা, মূলধন জাতীয় আয় ৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৪** ২০১৯ সালের মার্চ মাসে জনাব রহমানের ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| ব্যবসায় মূলধন আনয়ন | ৪,০০,০০০ |
| পণ্য ক্রয় | ৩,৫০,০০০ |
| একটি ফ্রিজ ক্রয় | ৪৫,০০০ |
| ফ্যান ক্রয় | ২,০০০ |
| প্রদত্ত ঋণের সুদ প্রাপ্তি | ৫,০০০ |
| একটি পুরানো ফ্রিজ বিক্রয়জনিত লাভ | ২,৫০০ |
| ক্রয় পরিবহন | ৫,০০০ |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ২,৫০,০০০ |
| কমিশন প্রদান | ৩,০০০ |
| পণ্য বিক্রয় | ৪,২৫,০০০ |
| ব্যাংক চার্জ | ১,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ৪০,০০০ |

ক. জনাব রহমানের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ. জনাব রহমানের ব্যবসায়ের যেসব লেনদেন বিশদ আয় বিববরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব রহমানের মূলধন জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণের মধ্যে পার্থক্য নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ৪৭,০০০ টাকা। **খ.** ৮,৩১,৫০০ টাকা। **গ.** পার্থক্য ১,৮২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** ২০১৯ সালের জানুয়ারি মাসে সিহাব ট্রেডার্সের বই হতে নিম্নোক্ত তথ্য পাওয়া যায় :

১. ব্যবসায়ের মূলধন বিনিয়োগ ২,০০,০০০ টাকা।
২. ভাড়া ৭,৫০০ টাকা।
৩. বিদ্যুৎ বিল ৮,৭০০ টাকা যার মধ্যে নতুন বিদ্যুৎ ক্যাবল ক্রয় ৫,০০০ টাকা।
৪. পুরাতন মেশিন বিক্রয় ৩০,৫০০ টাকা যার অবচয় বাদে মূল্য ছিল ২৬,০০০ টাকা।
৫. বেতন প্রদান ১০,০০০ টাকা যার মধ্যে ২,০০০ টাকা ২০১৫ সালের।
৬. আগুনে পণ্য বিনষ্ট ৩,০০০ টাকা।
৭. পণ্য বিক্রয় ২,৫০,০০০ টাকা।
৮. ড্রিলিং মেশিন ক্রয় ৪,৫০০ টাকা।
৯. যন্ত্রপাতির অবচয় ৪,৫০০ টাকা।
১০. পরিবহণ খরচ ৬,৭০০ টাকা যার মধ্যে ১,৭০০ টাকা ড্রিলিং মেশিনের পরিবহন ব্যয়।

ক. সিহাব ট্রেডার্সের মূলধন জাতীয় প্রাপ্তি কত? ২

খ. সিহাব ট্রেডার্সের মূলধন ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ৪

গ. সিহাব ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ কত? ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মোট মূলধন জাতীয় প্রাপ্তি ২,৩০,৫০০ টাকা। **খ.** মোট মূলধন জাতীয় ব্যয় ১১,২০০ টাকা; মোট মুনাফা জাতীয় ব্যয় ৩১,৭০০ টাকা। **গ.** মালিকানা স্বত্বের পরিমাণ ৪,২২,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৬** জনাব হারুন নগদ ৪,০০,০০০ টাকা নিয়ে ২০১৯ সালের ১ জানুয়ারি 'সুন্দরবন ফার্নিচার' নামে একটি ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ:

২০১৯
জানুয়ারি ২ কাঠ ক্রয় ১,০০,০০০ টাকা।
" ৫ সুমনের কাছে প্রতিটি টেবিল ২,০০০ টাকা দরে ১০টি টেবিল বিক্রয়।
" ১০ সুজন টিম্বার থেকে ২,০০,০০০ টাকার সেগুন কাঠ ক্রয়।
" ৩০ কাঠ মিস্ত্রির মজুরি প্রদান ৫,০০০ টাকা।

ক. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর ব্যাখ্যাসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। (১ থেকে ১০ তারিখ পর্যন্ত) ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো থেকে একটি ডেবিট ভাউচার প্রস্তুত করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর:** মুনাফা জাতীয় ব্যয় ৩,০৫,০০০ টাকা।

# নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. আব্দুল্লাহ তার ব্যবসায়ের জন্য পণ্য আমদানি করে। এটি কোন ধরনের লেনদেন?**
(ক) মূলধন জাতীয় ব্যয় (খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) অব্যবসায়ী ব্যয় (ঘ) মুনাফা জাতীয় আয়

**২. মূলধন জাতীয় ব্যয় কী নির্দেশ করে?**
(ক) দেনা (খ) সম্পদ
(গ) নিট আয় (ঘ) মোট ব্যয়

**৩. বিজ্ঞাপন ব্যয়ের চলতি হিসাবকালের অংশকে কী বলা হয়?**
(ক) মুনাফা জাতীয় ব্যয়
(খ) মূলধন জাতীয় ব্যয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
(ঘ) অগ্রিম ব্যয়

**৪. মুনাফা জাতীয় ব্যয়ের যতটুকু অংশ পরবর্তী বছরের; তাকে কী বলা হয়?**
(ক) সম্পদ (খ) দায়
(গ) আয় (ঘ) ব্যয়

**৫. প্রতিষ্ঠানের মাঠ সম্প্রসারণ ব্যয়, কোন জাতীয় ব্যয়?**
(ক) বিলম্বিত ব্যয় (খ) মুনাফা জাতীয়
(গ) মূলধন জাতীয় (ঘ) আবর্তক ব্যয়

**৬. মুনাফা জাতীয় প্রদানের বর্তমান বছরের অংশকে কী বলে?**
(ক) সম্পদ
(খ) ব্যয়
(গ) দায়
(ঘ) মালিকানাস্বত্বে পরিবর্তন

**৭. আসবাবপত্রের বার্ষিক মেরামত ব্যয় কোন ধরনের ব্যয়?**
(ক) মূলধনায়িত (খ) মুনাফা জাতীয়
(গ) মূলধন জাতীয় (ঘ) বিলম্বিত মুনাফা জাতীয়

**৮. বিক্রয়ের জন্য ৫০ লক্ষ টাকার গাড়ি ক্রয় কোন জাতীয় লেনদেন?**
(ক) মূলধন জাতীয় (খ) মুনাফা জাতীয়
(গ) স্বল্পমেয়াদি (ঘ) দীর্ঘমেয়াদি

**উদ্দীপকটি পড়ো এবং ৯-১১ নং প্রশ্নের উত্তর দাও।**
২০২০ সালের ১ জানুয়ারি জনাব রহমান তাঁর ব্যবসায়ের জন্য ৪০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করলেন এবং যন্ত্রটি সংস্থাপন বাবদ ৫,০০০ টাকা ব্যয় করলেন। যন্ত্রটি তিনি ২০২৩ সালে ২৫,০০০ টাকায় বিক্রয় করেন; এ সময় যন্ত্রটির মূল্য অবচয় বাদ দেওয়ার পরছিল ২৪,০০০ টাকা।

**৯. জনাব রহমানের ব্যয়িত ৪৫,০০০ টাকা গণ্য হবে—**
(ক) মূলধন জাতীয় প্রাপ্তি
(খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
(ঘ) মূলধন জাতীয় ব্যয়

**১০. চার বছরে উক্ত যন্ত্রের মোট কত টাকা অবচয় হয়েছে?**
(ক) ১৫,০০০ টাকা (খ) ১৬,০০০ টাকা
(গ) ২০,০০০ টাকা (ঘ) ২১,০০০ টাকা

**১১. যন্ত্রটির বিক্রয়মূল্য ও পুস্তকমূল্যের পার্থক্যকে কী বলে চিহ্নিত করা হয়?**
(ক) মূলধন জাতীয় আয় (খ) মুনাফা জাতীয় প্রাপ্তি
(গ) মুনাফা জাতীয় আয় (ঘ) মূলধন জাতীয় প্রাপ্তি

**উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব 'ক' একজন সফল ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানের জন্য ৬০,০০০ টাকা দিয়ে একটি পুরাতন মোটরগাড়ি ক্রয় করেন। এটিকে ব্যবহার উপযোগী করতে আরও ১০,০০০ টাকা খরচ হয়।

**১২. জনাব 'ক' গাড়িটি ব্যবহার উপযোগী করতে ১০,০০০ টাকা ব্যয় হলে তা কী হবে?**
(ক) মুনাফা জাতীয় ব্যয়
(খ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
(গ) স্বল্পমেয়াদি ব্যয়
(ঘ) মূলধন জাতীয় ব্যয়

**১৩. জনাব 'ক' গাড়িটি ৮০,০০০ টাকায় বিক্রয় করলে—**
i. মূলধন জাতীয় প্রাপ্তি ১০,০০০ টাকা
ii. মূলধন জাতীয় আয় ১০,০০০ টাকা
iii. মূলধন জাতীয় প্রাপ্তি ৮০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব জামিল ২০১৯ সালে বাড়িভাড়া বাবদ ৮০,০০০ টাকা পেল। কিন্তু এর মধ্যে ১৬,০০০ টাকা পরবর্তী বছর সংক্রান্ত।

**১৪. অনুচ্ছেদে মুনাফা জাতীয় প্রাপ্তি কত?**
(ক) ১৬,০০০ টাকা (খ) ৬৪,০০০ টাকা
(গ) ৮০,০০০ টাকা (ঘ) ৯৬,০০০ টাকা

**১৫. ১৬,০০০ টাকা কোথায় দেখাতে হবে?**
(ক) আর্থিক অবস্থার বিবরণীতে
(খ) আয় বিবরণীতে
(গ) নগদ প্রবাহ বিবরণীতে
(ঘ) ব্যয় বিবরণীতে

**১৬. কোনটি মূলধন জাতীয় ব্যয়?**
(ক) ঋণ গ্রহণ
(খ) বহিঃপরিবহন
(গ) নতুন দালানের নির্মাণ ব্যয়
(ঘ) বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয়

**১৭. বিক্রয় পরিবহন মুনাফা জাতীয় ব্যয় কেন?**
(ক) এটি নিয়মিত ব্যয়
(খ) এটি অভ্যন্তরীণ ব্যয়
(গ) এটি স্থায়ী ব্যয়
(ঘ) এটি অপরিচালন ব্যয়

**১৮. কোন জাতীয় ব্যয়ের উপযোগিতা পরবর্তী হিসাবকালেও পাওয়া যায়?**
(ক) অফিস ব্যয় (খ) মুনাফা জাতীয় আয়
(গ) মূলধন জাতীয় ব্যয় (ঘ) পরিচালন ব্যয়

**১৯. ১৫,০০০ টাকার একটি যন্ত্র কিনে ব্যবহার না করে ২০,০০০ টাকায় বিক্রি করা হলো। এখানে মূলধন জাতীয় প্রাপ্তি কত?**
(ক) ২৫,০০০ টাকা (খ) ২০,০০০ টাকা
(গ) ৩৫,০০০ টাকা (ঘ) ৫,০০০ টাকা

**২০. যন্ত্রপাতি মেরামত খরচ কোন জাতীয় ব্যয়?**
(ক) মুনাফা জাতীয় (খ) মূলধন জাতীয়
(গ) মূলধনায়িত
(ঘ) বিলম্বিত মুনাফা জাতীয়

**২১. বিনিয়োগের সুদ বাবদ ১,২০০ টাকা বর্তমান বছরে পাওয়া গেল, কিন্তু এর মধ্যে ২০০ টাকা আগামী বছর সংক্রান্ত। এক্ষেত্রে মুনাফা জাতীয় আয় কত টাকা?**
(ক) ১,৪০০ টাকা (খ) ১,২০০ টাকা
(গ) ১,০০০ টাকা (ঘ) ৮০০ টাকা

**২২. মূলধন জাতীয় আয় বলতে কী বোঝায়?**
(ক) অনিয়মিত কারবারি আয়
(খ) নিয়মিত কারবারি আয়
(গ) নিয়মিত কারবারি আয় ছাড়া অন্যান্য আয়
(ঘ) কারবারি আয়

**২৩. ব্যাংক হতে ঋণ গ্রহণ কী?**
(ক) মূলধন জাতীয় প্রাপ্তি (খ) মোট আয়
(গ) মুনাফা জাতীয় আয় (ঘ) মূলধন জাতীয় আয়

**২৪. 'সম্পদ মেরামত বাবদ এককালীন অত্যাধিক ব্যয়'- কোন জাতীয় ব্যয়?**
(ক) মুনাফা জাতীয় (খ) মূলধন জাতীয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয় (ঘ) মূলধনায়িত জাতীয়

**২৫. মূলধন জাতীয় ব্যয়গুলোকে আর্থিক বিবরণীতে কীভাবে দেখানো হয়?**
(ক) চলতি সম্পদ হিসাবে
(খ) স্থায়ী সম্পদ হিসাবে
(গ) স্থায়ী দায় হিসাবে
(ঘ) চলতি দায় হিসাবে

**২৬. ব্যবসায়ে পণ্য আনয়নের জাহাজ ভাড়া কোন ধরণের লেনদেন?**
(ক) মুনাফা জাতীয়
(খ) মূলধন জাতীয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয়
(ঘ) ব্যবসায় পরিচালন

**২৭. মূলধন জাতীয় ব্যয়ের বৈশিষ্ট্য হলো—**
i. সম্পদ সম্প্রসারিত হয়
ii. এ জাতীয় ব্যয় নিয়মিত সংঘটিত হয়
iii. সম্পদের আয়ুষ্কাল বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৮. মেশিন পুরানো হয়ে যাওয়ার পর ১০,০০০ টাকা মূল্যের নতুন যন্ত্রাংশ সংযোজন করে মেরামত করা হলো। এখানে—**
i. ১০,০০০ টাকা মূলধন জাতীয় ব্যয়
ii. মুনাফা জাতীয় ব্যয় ১০,০০০ টাকা
iii. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ১০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
এবি ট্রেডার্স ২০১৯ সালে ১০,০০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন। ২০১৯ সালে মেশিনটি ঠিকমত কাজ না করায় ৫০,০০০ টাকা ব্যয় করে মেরামত করেন।

**২৯. উদ্দীপকে পুরাতন সম্পত্তি মেরামত করাকে কী বলে?**
(ক) মূলধন জাতীয় ব্যয়
(খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
(ঘ) মূলধন জাতীয় আয়

**৩০. মূলধন জাতীয় ব্যয়ের সুবিধা—**
i. দীর্ঘমেয়াদী ii. স্বল্পমেয়াদী
iii. অনিয়মিত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ আলিফ এন্টারপ্রাইজের ২০১৯ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত ব্যবসায়িক লেনদেনসমূহ সংঘটিত হয়।

জানু. ১ উত্তরা হতে গাজীপুরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ৪৫,০০০ টাকা।
" ৩ কাগজ, কলম, সুতা, পিন ইত্যাদি ক্রয় ৫,০০০ টাকা।
" ৫ নতুন মেশিন ক্রয় ৫,৮০,০০০ টাকা।
" ৬ নতুন মেশিন পরিবহন ব্যয় ২০,০০০ টাকা।
" ৮ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৩৫,০০০ টাকা।
" ১৫ অফিসের গাড়ির জন্য নতুন ব্যাটারি ও টায়ার ক্রয় ৬০,০০০ টাকা।
" ২০ কর্মচারীদের বেতন প্রদান ১,২০,০০০ টাকা।
" ২৫ নতুন পণ্য তৈরির গবেষণা ব্যয় ২৫,০০০ টাকা।
" ২৮ পণ্য বিক্রয় ৩,২০,০০০ টাকা।
" ৩০ পুরাতন অফিস সরঞ্জাম মেরামত ব্যয় ৮,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪
গ. ৫ তারিখে ক্রীত মেশিনটি ৬,২০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**২.** ▶ ওয়ান্ডার ল্যান্ড ফ্যাশন-এ ২০১৯ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

২০১৯
মার্চ ১ নতুন মেশিন ক্রয় ৪৮,০০০ টাকা।
" ২ নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা।
" ৩ বগুড়া উপশহর থেকে নিউমার্কেটে ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।
" ৫ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা।
" ৬ নতুন মেশিন আনয়ন ব্যয় ৪,০০০ টাকা।
" ২০ বিদ্যুৎ বিল পরিশোধ ১,৫০০ টাকা।
" ২৫ বিজ্ঞাপন খরচ প্রদান (৩ বছরের জন্য) ১৮,০০০ টাকা।
" ২৭ বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২
খ. মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. ১ তারিখের ক্রীত মেশিন ৮০,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

**৩.** ▶ রিয়াজ এন্টারপ্রাইজ-এর কিছু সংখ্যক লেনদেন নিচে দেওয়া হলো :

২০১৯
মে ২ ধারে পণ্য ক্রয় ৭০,০০০ টাকা।
" ৫ দোকানের সাজসজ্জা পরিবর্তন ব্যয় ১,৩০,০০০ টাকা।
" ৭ কমিশন প্রদান ৫,০০০ টাকা।
" ১১ পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৪ পণ্য পরিবহন খরচ ২,০০০ টাকা।
" ১৮ লভ্যাংশ প্রাপ্তি ৪,০০০ টাকা।
" ২০ উপভাড়া প্রাপ্তি ৬,০০০ টাকা।
" ২২ অফিসের জন্য কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা।
" ২৫ ধারে পণ্য বিক্রয় ২২,০০০ টাকা।
" ২৭ বিদ্যুৎ বিল প্রদান ৩,০০০ টাকা।
" ৩০ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৭,০০০ টাকা।

ক. মূলধন জাতীয় লেনদেনের মোট পরিমাণ কত? ২
খ. মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

**৪.** ▶ জনাব আহসান আবরার-এর ব্যবসায়ের ২০১৮ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংগঠিত হয়েছে :

২০১৯
এপ্রিল ১ মিরপুর থেকে গাজীপুর ব্যবসায় স্থানান্তর ব্যয় ১,২০,০০০ টাকা।
" ২ মনিহারি দ্রব্য ক্রয় ১,০০০ টাকা।
" ৪ নতুন মেশিন ক্রয় ৮০,০০০ টাকা।
" ৪ মেশিন সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা।
" ৫ নতুন পণ্য গবেষণা ব্যয় ২০,০০০ টাকা।
" ১২ অফিসের গাড়ির নতুন ব্যাটারী ও টায়ার ক্রয় ২৫,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২
খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. ৪ তারিখে ক্রয়কৃত মেশিন ১,০০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত? ৪

**৫.** ▶ নিশু ট্রেডার্সের কয়েকটি নির্বাচিত লেনদেন নিম্নরূপ:

২০১৯
মে ১ মালিক কর্তৃক মূলধন আনয়ন: নগদ ১২,০০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৬০,০০০ টাকা।
" ৪ দালানসহ জমি ক্রয় করা হলো ৭,০০,০০০ টাকা।
" ৬ ১৫ বছরের জন্য একটি মেশিন লিজ নেওয়া হলো ২,০০,০০০ টাকা।
" ৯ শিক্ষানবিশ ভাতা প্রদান ৮,০০০ টাকা।
" ১২ সোনালী ব্যাংক থেকে ঋণ গ্রহণ করা হলো ৩,০০,০০০ টাকা।
" ১৫ ব্যবহৃত পুরাতন একটি টেবিল বিক্রয় ৩০,০০০ টাকা।
" ১৭ একটি ২,০০,০০০ টাকা মূল্যের ডাকঘর সঞ্চয়পত্র ভাঙানো হলো।
" ১৯ ব্যবহারের জন্য একটি আলমারি ক্রয় ৫০,০০০ টাকা।
" ২২ পূর্বে ক্রয়কৃত অফিস সরঞ্জামটি আনয়নের জন্য ভ্যানগাড়ি ভাড়া প্রদান ৩,০০০ টাকা।
" ২৩ পুনঃবিক্রয়ের জন্য অফিস সরঞ্জাম ক্রয় ৪০,০০০ টাকা।
" ২৭ ব্যবসায়ে অফিস সাপ্লাইজ হিসেবে ব্যবহারের জন্য কাগজ, কালি ও আলপিন ক্রয় ৭,০০০ টাকা।
" ৩১ অফিস সরঞ্জামের অবচয় ধরা হলো ১,০০০ টাকা।

ক. মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মোট মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৬.** ▶ জনাব রেহানা সুলতানা ঢাকার উত্তরায় একটি রেস্টুরেন্ট পরিচালনা করেন। তাঁর রেস্টুরেন্টের কতিপয় লেনদেন নিম্নরূপ:

- রেস্টুরেন্টের জন্য ২৫ ডজন তৈজসপত্র ক্রয় ৮০,০০০ টাকা।
- রেস্টুরেন্টের সাজসজ্জা বৃদ্ধিকরণ ব্যয় ২০,০০০ টাকা।
- রেস্টুরেন্টের প্রচারণা বাবদ ব্যয় করা হলো ৩,০০০ টাকা।
- রেস্টুরেন্টের মালামাল আনয়নের ভ্যানগাড়ি মেরামত ১,০০০ টাকা।
- রেস্টুরেন্টে জন্মদিনের অনুষ্ঠান আয়োজন বাবদ বিল আদায় হলো ২২,০০০ টাকা।
- রেস্টুরেন্টের নষ্ট রেফ্রিজারেটর চালুর জন্য নতুন কমপ্রেসার ক্রয় ৮,০০০ টাকা এবং কালার স্প্রে খরচ হলো ২,০০০ টাকা।
- রেস্টুরেন্টের কর্মচারীদের বেতন প্রদান ৯,০০০ টাকা।
- গ্রাহকদের সেবা প্রদানের দ্বারা প্রাপ্তি ২৫,০০০ টাকা।
- রেস্টুরেন্ট ভাড়া প্রদান ৫,০০০ টাকা।

ক. জনাব রেহানা সুলতানার মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ কত? ২
খ. জনাব রেহানা সুলতানার মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. জনাব রেহানা সুলতানার মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৭.** ▶ জনাব নাছিমা খানের ব্যবসায় প্রতিষ্ঠানের জুন, ২০১৯ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ের মূলধন আনয়ন | ২,৫০,০০০ |
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ |
| বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ৪,০০,০০০ |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪,০০০ |
| আসবাবপত্র বিক্রয় জনিত লাভ | ২,৪০০ |
| আমদানি শুল্ক পরিশোধ | ৫,০০০ |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৭,৫০,০০০ |
| পণ্য বিক্রয় | ৩০,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | ৪০,০০০ |

ক. জনাব নাছিমা খানের নিয়মিত খরচের পরিমাণ কত? ২
খ. জনাব নাছিমা খানের যে সকল লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় করো। ৪
গ. জনাব নাছিমা খানের মূলধন জাতীয় প্রাপ্তি এবং মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নিরূপণ করো। ৪

**৮.▶** আমাজান ডট কম একটি অনলাইনভিত্তিক ব্যবসায় প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের জানুয়ারি ২০১৯ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ:

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ২,২০,০০০ | বিজ্ঞপন (৫ বছর) | ৫০,০০০ |
| ভাড়া প্রদান ($^১/_২$ | ৩৬,০০০ | গ্রন্থস্বত্ব | ২০,০০০ |
| অংশ ২০২০ সালের) | | কুঋণ | ৪,০০০ |
| পেটেন্ট | ২৫,০০০ | কমিশন প্রাপ্তি ($^১/_৪$ অংশ | ২৪,০০০ |
| সুনাম | ৫০,০০০ | ২০২০ সালের) | |
| ডেলিভারি খরচ | ৮,০০০ | ইজারা সম্পত্তি (৫ বছর) | ১,০০,০০০ |

ক. বিলম্বিত বিজ্ঞাপন বাবদ ব্যয় কত? ২
খ. যেসব ব্যয়ের ফলাফল বর্তমান বছরে শেষ হয়ে যায় না তার পরিমাণ কত? ৪
গ. চলতি বছরের মুনাফা জাতীয় প্রাপ্তি ও ব্যয়ের মোট পরিমাণ কত? ৪

**৯.▶** আনন্দ কনফেকশনারির ২০২০ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ:
ব্যবসায়ে মূলধন বিনিয়োগ ৪,৪০,০০০ টাকা। ব্রেড, বিস্কুট ও অন্যান্য খাদ্যসামগ্রী ক্রয় ২,৮০,০০০ টাকা। বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান ১৭,০০০ টাকা। দোকানের ভাড়া প্রদান ১৪,০০০ টাকা, যার মধ্যে ২,০০০ টাকা অগ্রিম। সারা বছরে বিক্রয়ের পরিমাণ ৪,২২,০০০ টাকা। ব্যবসায়ের প্রয়োজনে বন্ধুর নিকট থেকে কর্জ নেয় ৬০,০০০ টাকা। ব্যবসায় হতে জীবন বিমা প্রিমিয়াম বাবদ প্রদান ১,২০০ টাকা। উৎপাদকের নিকট থেকে কমিশন প্রাপ্তি ৭,৫০০ টাকা। বিক্রয়কর্মীর বেতন প্রদান ১৮,০০০ টাকা।
ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. হিসাবকাল শেষে উক্ত ব্যবসায়ের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

**১০.▶** জনাব সুমন একটি একমালিকানা ব্যবসায় প্রতিষ্ঠান চালু করেন। উক্ত প্রতিষ্ঠানের ২০১৯ সালের জুন মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :
জুন ১ পণ্য ক্রয় ৮৫,০০০ টাকা এবং এর বহন খরচ প্রদান ৬০০ টাকা।
" ২ নতুন পণ্য তৈরির গবেষণামূলক ব্যয় ১২,০০০ টাকা, যা তিন বছরের জন্য প্রযোজ্য।
" ৫ পণ্য বিক্রয় ২,০০,০০০ টাকা (বাট্টা ১০%)।
" ১০ বহিঃফেরত ৪,০০০ টাকা।
" ১২ ভাড়া প্রদান ২৪,০০০ টাকা যার অর্ধেক ২০১৯ সালের জন্য প্রদত্ত।
" ১৫ বিনিয়োগের সুদ ৬,০০০ টাকা যার মধ্যে ৬০০ টাকা অগ্রিম।
" ২৫ মোট ৪ বছরের বিজ্ঞাপন খরচ প্রদান ৮,০০০ টাকা।
" ২৮ কমিশন প্রাপ্তি ৬,৫০০ টাকা।
" ৩০ ব্যাংক সুদ মঞ্জুর করল ১,০০০ টাকা।
ক. উপর্যুক্ত তথ্য হতে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় করো। ২
খ. জুন মাসের মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. লেনদেনগুলো হতে মোট মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**১১.▶** অনিক চৌধুরী ঢাকার খিলগাঁওয়ে একটি বুটিক হাউজ পরিচালনা করেন। ২০১৯ সালের জানুয়ারি মাসের তার ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরূপ:
২০১৮
জানু. ১ ব্যক্তিগত তহবিল হতে মূলধন সরবরাহ ৫,৭০,০০০ টাকা
" ৪ অগ্রিম ভাড়া প্রদান ১৮,০০০ টাকা (তিন মাসের জন্য)
" ৫ কাপড় ক্রয় ৮০,০০০ টাকা
" ১২ শাড়ি বিক্রয় ১,১৭,০০০ টাকা
" ১৮ মনিহারি দ্রব্যাদি ক্রয় ৭৫০ টাকা
" ২০ কমিশন প্রাপ্তি ৭,০০০ টাকা
ক. জানুয়ারি ১ তারিখের লেনদেনটি কোন ধরনের লেনদেন চিহ্নিত করো। ২
খ. জানুয়ারি মাসের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪
গ. উল্লেখিত সময়ের মধ্যে যেসব লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় করো। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓪খ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন:

**১.** **ক.** মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ৭০,০০০ টাকা। **খ.** পার্থক্য ৫,৬২,০০০ টাকা। **গ.** মূলধন জাতীয় প্রাপ্তি ৬,২০,০০০ টাকা এবং মূলধন জাতীয় ক্ষতি ১৫,০০০ টাকা।
**২.** **ক.** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২৭,০০০ টাকা। **খ.** মোট মূলধন জাতীয় ব্যয় ৭৭,০০০ টাকা এবং মোট মুনাফা জাতীয় ব্যয় ৯,৫০০ টাকা। **গ.** মূলধন জাতীয় প্রাপ্তি ৮০,০০০ টাকা এবং মূলধন জাতীয় আয় ২৩,০০০ টাকা।
**৩.** **ক.** মোট মূলধন জাতীয় লেনদেন ১,৮৭,০০০ টাকা। **খ.** মোট মুনাফা জাতীয় ব্যয় ৮০,০০০ টাকা। **গ.** মুনাফা জাতীয় আয় ৫৭,০০০ টাকা।
**৪.** **ক.** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ১,৪০,০০০ টাকা। **খ.** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ১,১০,০০০ টাকা। **গ.** মূলধন জাতীয় আয়ের পরিমাণ ১৫,০০০ টাকা।
**৫.** **ক.** মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ ৫৬,০০০ টাকা। **খ.** মূলধন জাতীয় প্রাপ্তি ১৭,৯০,০০০ টাকা। **গ.** মূলধন জাতীয় ব্যয় ৯,৫৩,০০০ টাকা।
**৬.** **ক.** মুনাফা জাতীয় আয় ৪৭,০০০ টাকা। **খ.** মুনাফা জাতীয় ব্যয় ১৮,০০০ টাকা। **গ.** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ১,১০,০০০ টাকা।
**৭.** **ক.** নিয়মিত খরচের পরিমাণ ৭,০৫,০০০ টাকা। **খ.** যে সকল লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ ৭,৮১,৪০০ টাকা। **গ.** মূলধন জাতীয় প্রাপ্তির ও মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ ১০,৭৬,৪০০ টাকা।
**৮.** **ক.** বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় ৪০,০০০ টাকা। **খ.** মোট ২,৩৩,০০০ টাকা। **গ.** মুনাফা জাতীয় প্রাপ্তি ও ব্যয়ের মোট পরিমাণ ৩,০৪,০০০ টাকা।
**৯.** **ক.** মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৫,০০,০০০ টাকা। **খ.** মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৩,২৭,০০০ টাকা। **গ.** হিসাবকাল শেষে ব্যবসায়ের মালিকানা স্বত্বের পরিমাণ ৫,৪১,৩০০ টাকা।
**১০.** **ক.** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ১৪,০০০ টাকা। **খ.** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৯৯,৬০০ টাকা। **গ.** মুনাফা জাতীয় আয় ১,৯২,৯০০ টাকা।
**১১.** **খ.** মোট মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পার্থক্য ৩৭,২৫০ টাকা। **গ.** যেসব লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার মোট পরিমাণ ২,১০,৭৫০ টাকা।